

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ৩১ ডিসেম্বর ২০১৪/১৭ পৌষ ১৪২১

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০২.১৪-২১০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'বেতন ও চাকরি কমিশন, ২০১৩' কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনাস্তে ইহার সুপারিশসমূহ বাস্তবায়নের পদ্ধতি নিরূপণের জন্য নিম্নরূপ কমিটি গঠন করিয়াছে :

(ক) কমিটির নাম : 'বেতন ও চাকরি কমিশন, ২০১৩'-এর প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত কমিটি।

(খ) কমিটির গঠন :

- |     |  |            |
|-----|--|------------|
| (১) | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ      | - আহ্বায়ক |
| (২) | সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | - সদস্য    |
| (৩) | সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়     | - সদস্য    |
| (৪) | সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়        | - সদস্য    |
| (৫) | সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়       | - সদস্য    |
| (৬) | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়        | - সদস্য    |

(১)

মূল্য : টাকা ৪.০০

## (গ) কমিটির কার্যপরিধি :

- (১) কমিটি 'বেতন ও চাকরি কমিশন, ২০১৩' কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনান্তে ইহার সুপারিশসমূহ বাস্তবায়নের পদ্ধতি নিরূপণ করিবে;
- (২) এই কমিটি 'সশস্ত্র বাহিনী বেতন কমিটি, ২০১৩' কর্তৃক প্রতিবেদন দাখিলের পর উহাও পর্যালোচনান্তে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করিবে;
- (৩) কমিটি ৬ (ছয়) সপ্তাহের মধ্যে সরকারের নিকট প্রতিবেদন পেশ করিবে।

২। অর্থ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোস্তাফিজুর রহমান  
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)